

বিনামূল্যের বই ২০০ টাকায় নারায়ণগঞ্জের সেই বিদ্যালয়ের প্রধান; শিক্ষক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক, নারায়ণগঞ্জ •
শিক্ষার্থীপ্রতি ২০০ টাকার বিনিময়ে
সরকারি বই বিতরণের অভিযোগে
নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের
গোদনাইলের তাঁতখানা সরকারি
প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষক রইসউদ্দিন আহমেদকে
সাময়িক বরখাস্ত করা হয়েছে। একই
সঙ্গে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি
ভেঙে দিয়ে আহ্বায়ক কমিটি গঠন
করে বিদ্যালয় পরিচালনার নির্দেশ
দেওয়া হয়েছে। গতকাল দুপুরে জেলা
প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দা
মাহফুজা বেগম বিষয়টি নিশ্চিত
করেন।

সৈয়দা মাহফুজা বেগম বলেন,
তাঁতখানা সরকারি প্রাথমিক
বিদ্যালয়ের এরপর পৃষ্ঠা ৯, কলাম ১

নারায়ণগঞ্জের সেই বিদ্যালয়ের

(শেষ পৃষ্ঠার পর) ১২০০ শিক্ষার্থীর কাছ থেকে বিনামূল্যের সরকারি বই বিতরণ করে
জনপ্রতি ২০০ টাকা করে আদায়ের অভিযোগে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হওয়ার
পর উপজেলা শিক্ষা কর্মকর্তা মুনরুল হককে আহ্বায়ক করে তদন্ত কমিটি গঠন করা
হয়। কমিটি ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে কথা বলে টাকা আদায়ের
অভিযোগের সত্যতা পান এবং ১ জানুয়ারি বই উৎসবের দিন বই বিতরণ না করার
প্রমাণ পান। উপজেলা শিক্ষা কর্মকর্তা গতকাল সকালে জেলা শিক্ষা কর্মকর্তার কাছে
প্রাথমিক রিপোর্ট প্রদান করেন। রিপোর্টের ভিত্তিতে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষককে সাময়িক বরখাস্ত ও বিদ্যালয়ের পরিচালনা কমিটি ভেঙে দিয়ে আহ্বায়ক
কমিটি গঠন করে বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন করার নির্দেশ দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, বন্দর উপজেলার সোনাকান্দা আদর্শ সরকারি প্রাথমিক
বিদ্যালয়ে অভিযোগ পেয়ে সেখানে তদন্ত কমিটিকে পাঠানো হয়েছে। অভিযোগের
সত্যতা পাওয়া গেলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এ ছাড়া তাঁতখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনিয়মের অভিযোগে যে
শক্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে, তার অনুলিপি নারায়ণগঞ্জের ৫ উপজেলার সব শিক্ষা
কর্মকর্তা ও বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সতর্কস্বরূপ প্রেরণ করা হয়েছে।

এ ব্যাপারে জেলা প্রশাসক মো. আনিছুর রহমান মিল্লা বলেন, আর কোনো
বিদ্যালয়ের বিরুদ্ধে এমন অভিযোগ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া
হবে। এ ছাড়া যেসব শিক্ষার্থীর কাছ থেকে টাকা আদায় করা হয়েছে, সেগুলো ফেরত
দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে।